বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳: ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **"প্রধান সহকারী"** রেজিস্ট্রার অফিসের ৩টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳: ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **"ইনফরমেশন এ্যাসিস্ট্যান্ট"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর তথ্য ও প্রকাশনা শাখার ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳: ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **"হিসাব রক্ষক"** কম্পট্রোলার অফিসের ৩টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"পি.এ."** উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৫। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **"লাইব্রেরী এসিস্ট্যান্ট কাম-ডকুমেন্টেশন এ্যাসিস্ট্যান্ট"** বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৬। ৳: ১০২০০-২৪৬৮০/- বেতন স্কেলে **"হাউজ কীপার-কাম-কুক"** উপাচার্য অফিসের (উপাচার্য মহোদয়ের বাংলোর) ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ ও রান্নার কাজে প্রশিক্ষণসহ উন্নতমানের রান্নার কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রথম শ্রেণীর কোন গেস্ট হাউজ কিংবা অনুরূপ প্রতিষ্ঠানে বিশিষ্ট অতিথি সেবায় এবং দেশী বিদেশী রান্নার কাজের অভিজ্ঞতা ও ইংরেজী বলার জ্ঞানকে বিশেষ যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। বিশেষ যোগ্য প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।

৭। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"ড্রাইভার (হালকা লাইসেন্স)"** ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ হালকা/ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"লিফ্‌টম্যান"** প্রকৌশল অফিসের ৬ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফ্‌ট অপারেটিং ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। লিফ্‌ট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে।

৯। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"শপ এটেনডেন্ট"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে কার্পেন্ট্রি শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১০। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"এমএলএসএস"** (ক) ছাত্রকল্যাণ পরিদপ্তরের অধীন শারীরিক শিক্ষা বিভাগের ২টি স্থায়ী পদ, (খ) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) সেন্টার ফর এনার্জি স্টাডিজ অফিসের ১টি স্থায়ী পদ, (ঘ) ডঃ এম.এ. রশীদ হলের ১টি স্থায়ী পদ, (ঙ) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ৪টি স্থায়ী পদ, (চ) কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদ, (ছ) ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি.)-এর ১টি স্থায়ী পদ, (জ) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ, (ঝ) প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ এবং (ঞ) গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের (ল্যাব এটেনডেন্ট পদের বিপরীতে) ১টি অস্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বি:দ্র: ক্রমিক নং ৭ এবং ১০ ব্যতীত অন্যান্য ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২২ / ১১ /২০২০

সকল পদের জন্য প্রযোজ্য ঃ

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৯ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ১০ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

Fuddin 28/10/2020

(অধ্যাপক ডঃ মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/অ-৫/ রে- ৯৬৫২(১০০)

তারিখ ঃ 28/10/20

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)ঃ

১। ডীন, সকল অনুষদ, বা: প্র: বি:,ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা: প্র: বি:,ঢাকা।।
৩। পরিচালক, আইআইসিটি, বা: প্র: বি:,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস- সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
৫। পি.এস.টু. ভি.সি., বা:প্র:বি:, ঢাকা- উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পি.এস.টু.প্রো- ভি.সি., বা:প্র:বি:, ঢাকা- উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। গার্ড ফাইল।